গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
নবীগঞ্জ,হবিগঞ্জ।

**সেপ্টেম্বর-২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নবীগঞ্জ উপজেলা সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ঃ-**

সভাপতি ঃ এডভোকেট গতি গোবিন্দ দাশ
ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

সভার তারিখ ঃ ২৬ সেপ্টেম্বর-২০২১ খ্রিঃ সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ,নবীগঞ্জ, হবিগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হল।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী ও অদ্যকার সভার আলোচ্য সূচি পাঠ করার জন্য সদস্য সচিব, উপজেলা সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, নবীগঞ্জকে নির্দেশ প্রদান করেন।

সভাপতির নির্দেশক্রমে উপজেলা নির্বাচন অফিসার ও সদস্য সচিব, উপজেলা সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে সকলকে শুনান এবং কোনরূপ সংশোধন না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নরূপ আলোচ্য সূচির আলোকে পার্শ্বে বর্ণিত সুপারিশসমুহ সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | জনাব বিন্দু সূত্রধর, সদস্য, উপজেলা সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ অদ্যকার সভায় জানান যে, নবীগঞ্জ রুদ্রগ্রাম রোডে অবস্থিত সম্মিলিত সাংস্কৃতিক জোট সংগীত একাডেমীর প্রশিক্ষণ কেন্দ্রটি দীর্ঘদিন যাবৎ আর্থিক সংকটের কারণে মেরামত করা যাচ্ছে না। তাই উপজেলা পরিষদের কোন ফান্ড থেকে আমাদের এই সংগীত একাডেমীর প্রশিক্ষণ কেন্দ্রটি মেরামতের সবিনয় অনুরোধ জানান। এছাড়া উক্ত প্রশিক্ষণ কেন্দ্রে পর্যাপ্ত পরিমান বাদ্যযন্ত্র না থাকার কারণে প্রশিক্ষণার্থীদের মারাত্মক সমস্যা হচ্ছে। নবীগঞ্জ উপজেলা সম্মিলিত সাংস্কৃতিক একাডেমীকে টিকিয়ে রাখতে আর্থিক | বিস্তারিত আলোচনার পর উপজেলা পরিষদের আগামী ৩০/১১/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য মাসিক সাধারণ সভায় উপস্থাপনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সভাপতি, উপজেলা সংস্কৃতি বিষয়ক বিষয়ক স্থায়ী কমিটি,নবীগঞ্জ, হবিগঞ্জ।<br><br>খ) উপজেলা নির্বাচন অফিসার ও সদস্য সচিব, উপজেলা সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি, নবীগঞ্জ,হবিগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| | সহযোগিতার বিশেষ প্রয়োজন। এ বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যগণ একে একে তাদের বক্তব্য উপস্থাপন করেন। | | |

অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এডভোকেট গতি গোবিন্দ দাশ)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি।
উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

স্মারক নং-উনিঅকা/নবী/৩৩/২০১৯-৫৩

তারিখঃ ২৬-০৯-২০২১ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নবীগঞ্জ, হবিগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
৩। অফিস কপি।

26.09.21

উপজেলা নির্বাচন অফিসার
ও
সদস্য সচিব
সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি
নবীগঞ্জ, হবিগঞ্জ।

## পরিশিষ্ট "ক"

| ক্রমিক | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব এডভোকেট গতি গোবিন্দ দাশ | ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ, নবীগঞ্জ | সভাপতি | |
| ০২ | জনাব নিখিল রঞ্জন আচার্য্য | বিশিষ্ট ব্যাক্তি, প্রাক্তন প্রধান শিক্ষক, শিবপাশা সরকারী প্রাথমিক বিদ্যালয় | সম্মানিত সদস্য | |
| ০৩ | জনাব বিন্দু সূত্রধর | সভাপতি, সম্মিলিত সাংস্কৃতিক জোট, নবীগঞ্জ | সম্মানিত সদস্য | |
| ০৪ | জনাব মোঃ আক্তার হোসেন ছোবা মিয়া | চেয়ারম্যান, ২নং বড় ভাকৈর ইউ/পি | সম্মানিত সদস্য | |
| ০৫ | জনাব প্রনব দেব | সভাপতি, আনন্দ নিকেতন, নবীগঞ্জ | সম্মানিত সদস্য | প্রনব |
| ০৬ | জনাব দেবশ্রী দাশ পার্লি | উপজেলা নির্বাচন অফিসার, নবীগঞ্জ | সদস্য সচিব | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
নবীগঞ্জ,হবিগঞ্জ।

-ঃ সভার নোটিশ ঃ-

স্মারক নং-উনিঅকা/নবী/৩৩(১)/২০২১-৪৯ তারিখ : ১৯/০৯/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৬/০৯/২০২১ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষে নবীগঞ্জ সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব নাজমা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

উল্লিখিত তারিখ ও সময়ে আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী :

০১। ভবন মেরামত সংস্কার।
০২। বিবিধ

প্রাপক ঃ

.....................................................
.....................................................
.....................................................

19.09.21

উপজেলা নির্বাচন অফিসার
ও
সদস্য সচিব
সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি
নবীগঞ্জ, হবিগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

০১.মাননীয় সংসদ সদস্য, নবীগঞ্জ-বাহুবল নির্বাচনী এলাকা-হবিগঞ্জ-১
০২.জেলা প্রশাসক, হবিগঞ্জ। [দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ]
০৩.চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।
০৪.উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
০৫.মহিলা ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।
০৬.অফিস কপি।